

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/7/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য (REPRODUCTIVE HEALTH ACT, RHA) আইন পাশ করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের সংবিধানে রো বনাম ওয়েডের (ROE V. WADE) সিদ্ধান্ত সল্লিবেশিত করার শপথ নিলেন

প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য আইন ও কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপ্টিভ কভারেজ আইন (Comprehensive Contraceptive Coverage Act) পাশ হওয়ার আগে পর্যন্ত বাজেট পাশ অঙ্গীকার

কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপ্টিভ কভারেজ আইনের সমর্থনে আইন অগ্রসর করবেন

গভর্নরের 2019 ন্যায়বিচার এজেন্ডার (2019 Justice Agenda) অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে শপথ নিলেন যে প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য আইন পাশ করার পর রো বনাম ওয়েডের ব্যাপারে নেওয়া সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত নিউ ইয়র্ক স্টেটের আইনে কোডিফাই করবেন, নারীদের গর্ভপাত করাকে অপরাধ গণ্য করা হবে না এবং যেইসব ডাক্তার এই কাজ করে তাদের সুরক্ষা দেওয়া হবে। আজ সকালে, গভর্নর RHA পাশ করানোর জোর দাবি করেন, সাবেক স্টেট সেক্রেটারি হিলারি ক্লিনটন, লেস্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিম্স এবং বিলের স্পন্সর সিনেটর লিজ ফুগার ও অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিকের সাথে মিলিত বিধানিক অধিবেশনের প্রথম 30 দিনের মধ্যে বিলটি পাশ করানোর শপথ নেন। RHA পাশ করানো গভর্নরের ডিসেম্বর মাসে আউটলাইন করা বিধানিক অধিবেশনের প্রথম 100 দিনের 2019 [ন্যায়বিচার এজেন্ডার](#) অংশ।

এছাড়াও, গভর্নর ঘোষণা করেন যে তিনি কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপ্টিভ কভারেজ আইন সমর্থন করে আইন অগ্রসর করবেন, যা 2018-এর সংসদে নেওয়া গভর্নর কুওমোর [নির্বাহী আদেশে](#) প্রদত্ত আইনকানুনকে স্থায়ী করবে। এই আইন পাশ করার ফলে নিউ ইয়র্ক স্টেট আইনের পলিসিতে এটি কোডিফাই করা হবে যে ফেডারেল সাম্রয়ী স্বাস্থ্যসেবা আইনের (Affordable Care Act) অধীনে স্বাস্থ্য বীমা প্রদানকারীদের অবশ্যই বিনামূল্যে গর্ভনিরোধক ব্যবস্থার খরচ দিতে হবে। গভর্নর অঙ্গীকার করেছেন যে প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য আইন ও কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপ্টিভ কভারেজ আইন উভয় পাশ করানোর আগে তিনি বাজেট পাশ করবেন না।

"এরকম একটি কোলাহলপূর্ণ সময়ে, স্টেট আইনে রো বনাম ওয়েডকে কোডিফাই করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং আরো এক ধাপ অগ্রসর হতে, আমরা সংবিধান সংশোধন পাশ করাতে কাজ করবো যা নারীদের নিজেদের প্রজনন স্বাস্থ্য অধিকার রক্ষা করার ব্যবস্থা করে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা এটিকে পাশ করবো, ব্যালটে লিখবো, সংবিধানে যুক্ত করবো এবং আমরা এটি বলতে পারবো যে আমরা নারী অধিকার এমনভাবে সংরক্ষণ করেছি যা পূর্বে কেউ কোনোদিন করেনি।"

"নারী অধিকারের শিখা বহনকারী হিসেবে, যা আমাদের স্টেটে 1848 সালে প্রথম প্রজ্বলিত হয়েছিল, আজকের এই লড়াই চালিয়ে যাওয়া আমাদের দায়িত্ব", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আগামী অধিবেশনটি তাই অর্জন করবে - অনেক দিন আগেই যেই সুরক্ষা পাওয়ার কথা তা আইনে সন্নিবেশিত করবে। এই মাসের শেষের দিকে, রো বনাম ওয়েডের বর্ষপূর্তি, আমরা অবশেষে রো বনাম ওয়েডকে স্টেটের আইনকে কোডিফাই করবো, এমন একটা সময় যখন ফেডারেল সরকার নারী অধিকারকে হুমকির সম্মুখীন করেছে।"

গভর্নরের সচিব এবং দি নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন উইমেন এন্ড গার্লস-এর চেয়ার মেলিসা ডিরোজা বলেন, "গোটা দেশে নারীরা তাদের স্বাস্থ্যসেবার ক্ষেত্রে নজিরবিহীন ভাবে আক্রান্ত হচ্ছে এবং ওয়াশিংটনের বিরুদ্ধে যেতে ভয় পায় না এমন একজন নেতা এখন পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। গভর্নর কুওমো নারী অধিকার অগ্রসর করতে যত কাজ করেছেন দেশের আর কেউ তা করে নি এবং তার রো বনাম ওয়েডকে নিউ ইয়র্ক স্টেটের সংবিধানে কোডিফাই করার পরিকল্পনা স্টেটের নারীদের সর্বকালের জন্য স্বাস্থ্যসেবা সুরক্ষায় সাহায্য করবে এবং এটি নিশ্চিত করবে যে আমাদের মৌলিক অধিকার যাতে খর্ব না হয়। গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক পুরো দেশের জন্য একটি উদাহরণ সৃষ্টি করেছে এবং 2019 ন্যায়বিচার এজেন্ডার অংশ হিসেবে আমরা এই লড়াইয়ে নেতৃত্ব দেওয়া চালিয়ে যাবো।"

তার পুরো শাসনামল জুড়ে, গভর্নর কুওমো অবিচলভাবে রো বনাম ওয়েড কে স্টেটের আইনে কোডিফাই করার সমর্থন দিয়ে গেছেন। 2018 সালে যখন সুপ্রিম কোর্ট রক্ষণশীল সংখ্যাগরিষ্ঠতার দিকে ঝুঁকে যায়, গভর্নর তখন সিনেটকে **বলেন** অ্যালবেনিতে ফিরে গিয়ে এই আইনটি পাশ করাতে, যাতে নিউ ইয়র্কের প্রগতিশীল মূল্যবোধ রক্ষা করা যায় এবং নারী অধিকারের বিরুদ্ধে ট্রাম্প সরকারের অব্যাহত আক্রমণের প্রতিরক্ষা করা যায়। গত ছয় বছর ধরে, গভর্নর ধারাবাহিকভাবে সিনেটকে অনুরোধ করেছেন এইসব সুরক্ষাকে আইন হিসেবে পাশ করিয়ে স্টেটের সংবিধানে কোডিফাই করানোর জন্য, যেহেতু এই বছরগুলিতে এটি সহজেই অ্যাসেম্বলিতে পাশ করানো গেছে।

2018 সালের অগাস্ট মাসে, গভর্নর কুওমো একটি জন সচেতন ক্যাম্পেইন **চালু করেন** যা নারীদের কম্প্রহেন্সিভ এবং গোপনীয় প্রজনন স্বাস্থ্য সেবার সাথে যুক্ত করার কাজ করে। ক্রাইসিস প্রেগন্যান্সি কেন্দ্র নিজেদের স্বাস্থ্যকেন্দ্র হিসেবে দাবি করে গর্ভপাত করাতে চায় এমন নারীদের নিরুৎসাহিত করেছে এমন আশঙ্কাজনক প্রতিবেদনের সরাসরি প্রত্যুত্তরে ক্যাম্পেইনটি করা হয়। গভর্নরের প্রচারণা বিজ্ঞাপনে একাধিক ভাষায় স্টেটের নারীদের তাদের প্রজনন স্বাস্থ্য সুযোগ জানিয়ে পরিষ্কার বাস্তব তথ্য দেওয়া হয়েছিল।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)